



ভাসা / রানা পাল

পালের মত মেঘের ভাসা
নীল আকাশের সমুদ্রে ,
সোনালী গাংচিলের ভাসা
রৌদ্রে মাখা হাওয়ায় ঘুরে,

সবুজ মনের কল্পে ভাসা
নরম আলোর গভীর ঘুমে,
ভোরের শিশিরে রঙীন ভাসা
ফাগুনবেলার এ মরঙমে,

শালুক দোয়েল স্বপ্নে ভাসে
বাংলাদেশের আলোর আশায়,
আমার ভেসে থাকা কেবল
বাংলা ভাষায়, বাংলা ভাষায়।